উপজেলা পরিষদ
দাকোপ, খুলনা।

<u>নভেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী।</u>

সভাপতি : মো: আসমত হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ : ২৫/১১/২০২৪ খ্রি:।
সময় : ১১ : ৩০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'
অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর দপ্তর ভিত্তিক বিভিন্ন আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রনং | দপ্তরের নাম | দপ্তরভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | দাকোপ উপজেলা মডেল মসজিদ নির্মাণের বিষয়ে জায়গা সংক্রান্ত একটি ঝামেলা ছিলো। ২০২০ সালে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জায়গার সাথে মসজিদের জায়গার একটি এওয়াজ বদল দলিল করে সমন্বয় করার কথা ছিলো। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ও সংশ্লিষ্ট সকল। |
| ২. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলার অন্তর্গত বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে অক্টোবর/২৪ মাসে গর্ভবতী সেবাঃ ১৫৫ জন, গর্ভোত্তর সেবাঃ ৬৭ জন, শিশু সেবাঃ ২৯০ জন, সাধারণ রোগী সেবাঃ ১৮৬৬ জন। এছাড়া লাউডোব মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০১ টি স্বাভাবিক ডেলিভারী হয়েছে। মোট সক্ষম দম্পতি-৩২৪২০ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারী- ২৫৬১৪ জন, পদ্ধতি গ্রহণকারীর হার-৭৯.০১%। খাবার বড়ি (সুখী)-১৫৪ চক্র, খাবার বড়ি (আপন)-৬৫৫ কনডম-৯৮৪৯ পিচ, ইনজেকশন-৫২৪পিচ, ইমপ্লান্ট-১১০ টি, আই ইউ ডি ২০ টি বিতরণ করা হয়েছে। খাবার বড়ি পর্যাপ্ত সরবরাহ না থাকায় বিতরণ কম হয়েছে। মা ও শিশু স্বাস্থ্য সেবাঃঅন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৩. | উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়। | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন রবি/২০১৪-১৫ মৌসুমে তরমুজ চাষ নির্বিঘ্ন করতে ভেজাল ও মানহীন তরমুজ বীজ নিয়ন্ত্রণে সকলের সহযোগিতা এবং উপজেলা প্রশাসন কর্তৃক নিয়মিত মোবাইল কোর্ট পারিচালনা করা হবে। এছাড়া বোরো ধানের চাষ করতে লবন পানির অনুপ্রবেশ ঠেকাতে প্রশাসনের সহযোগিতা ও নজরদারি বাড়াতে হবে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৪. | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, প্রতিবছর মা ইলিশ আহরণে বিরত থাকা জেলেদের মধ্যে ১০০০ (একহাজার) জনকে এবং সাগরগামী জেলেদের মধ্যে ৬৫ দিন সাগরে মাছ আহরন হতে বিরত থাকা ৫০৯৭ জনকে মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ বিতরণ করা হয়। বর্তমান | টিসিবিসহ সকল তালিকা হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট (সকল)। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ভিজিএফ এর তালিকায় বিদ্যমান কিছু জেলে পেশা পরিবর্তন এবং মৃত্যুবরণ করায় সকলের সম্মতিক্রমে তালিকাটি হালনাগাদ করার উদ্যোগ নেয়া যেতে পারে। এজন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া অত্র উপজেলায় চিংড়ি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ০৮ (আট) টি ক্লাস্টার সুষ্ঠভাবে বাস্তবায়ন করা হয়েছে যার কার্যক্রম চলমান । উপকূলীয় অঞ্চলের অত্যন্ত সম্ভবনাময় ও অন্যতম রপ্তানীযোগ্য কাঁকড়াচাষে চাষিদেরকে উদ্বুদ্ধকরণসহ পরামর্শ দেয়া হয় । এছাড়া অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের নদী ও খালে পেতে রাখা অবৈধ নেট-পাটা, চায়নাদুয়ারী জাল, বেহুন্দি জাল, কারেন্ট জাল অপসারনে মৎস্য দপ্তরকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল সম্মানিত ইউপি চেয়ারম্যানবৃন্দ ও ইউপি সদস্যকে অনুরোধ করা হয় । | | |
| ৫. | উপজেলা প্রকৌশল দপ্তর । | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, লবণাক্ততার কারণে উপজেলা পরিষদ ভবনের মেঝে ও টয়লেটের প্লাস্টার নষ্ট হয়ে গেছে। এ ধরণের ক্ষতি এড়াতে সংস্কারসহ টাইলস করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদ ভবনের নীচতলার বারান্দা ও ২য় তলায় ১টি রুম (সিএ ও অফিস সহকারীর) টাইলস করা জরুরী। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয়ের প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রাক্কলিত মূল্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে বিধিমতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| ৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি কর্মসূচীর কার্নেল না থাকার কারণে নভেম্বর/২০২৪ মাসের খাদ্যের চাহিদাপত্র (পুষ্টি চাল) প্রদান করা হয়েছে । মা ও শিশু সহায়তা কর্মসূচীর ডাটা এন্ট্রির কাজ চলমান আছে। ২ টি উঠান বৈঠকসহ ক্ষুদ্রঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, বাল্য বিবাহ প্রতিরোধ, শিশু শ্রম পরিবীক্ষণ কমিটির সভা করা হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। এপিসি প্রকল্পসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারিতি চলছে। | আলোচ্য বিষয়ের সঠিক বাস্তবায়নসহ দপ্তরের অন্যান্য বিষয়ে কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৮-৩৫ বছর বয়স্ক বেকার যুবদের উপজেলা পর্যায়ে স্থানীয় চাহিদার উপর ভিত্তি করে প্রশিক্ষণ চলমান রয়েছে। চলতি মাস পর্যন্ত ৪ টি ব্যাচে ১২০ জনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। লাউডোব ইউনিয়নে আগামী ২৪/১১/২০২৪ খ্রি.সপ্তাহ ব্যাপী আধুনিক পদ্ধতিতে সবজি চাষের প্রশিক্ষণ শুরু হবে। তাছাড়া জেলা পর্যায়ে প্রশিক্ষণের জন্য নিয়মিত প্রশিক্ষণার্থী প্রেরণ করা হয়। আগামী ডিসেম্বর-২৪ মাসে জেলা কার্যালয়ের ১ মাস/৩মাস/৬মাস মেয়াদী প্রশিক্ষণের বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। কোনো এলাকায় নির্দিষ্ট বিষয়ে ৩০ জনের ১ টা ব্যাচ রেডি হলে সেই এলাকায় প্রশিক্ষণের ব্যবস্থা করা যাবে। এ ব্যাপারে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়দের সহযোগিতা কামনা করছি। প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের আত্মকর্মসংস্থানের জন্য সরকারি বিধি অনুযায়ী | খেলাপী ঋণ আদায়ের বিষয়ে কার্যকরী পদক্ষপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঋন বিতরণ অব্যহত আছে। চলমান মাসে জাতীয় যুব দিবসের অনুষ্ঠানে ০৯ জনকে ৯,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের ক্রমপুঞ্জিত হার ৯২% । অত্র উপজেলায় খেলাপী ঋণের পরিমান প্রায় ২২ লক্ষ টাকা যা, আদায়ের চেষ্টা অব্যহত আছে। প্রয়োজনে উপজেলা ঋণ কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা মহোদয়ের পরামর্শক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ৮. | উপজেলা সমাজসেবা কার্যালয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, বয়স্ক ভাতা-১০৯৭৩ জন, বিধবা ও স্বামীনিগৃহীতা মহিলা ভাতা-৬৩৭০ জন, প্রতিবন্ধীশিক্ষা উপবৃত্তি-১১৪ জন, বেদেশিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি-৩২জন ও অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি-৪৪ জন, প্রতিবন্ধী ভাতা-৩২৯৩ জন, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা-১২৪ জন, বেদে জনগোষ্ঠীর বিশেষভাতা কর্মসূচি-৩০ জন উকোরভোগী অত্র উপজেলা থেকে সুবিধা পেয়ে থাকেন। তাদের মধ্যে মৃত/নিরুদ্দেশ ভাতা ভোগীদের প্রতিস্থাপন জনিত কারণে ৪২৮ জন ব্যতীত সকল উপকার ভোগীর নগদ নম্বরে ২০২৪-২৫ অর্থবছরের ১ম কিস্তির ভাতার অর্থ প্রেরিত হয়েছে। ইউনিয়ন কমিটি হতে প্রতিস্থাপন তালিকা পাওয়া গেলে নতুন উপকারভোগীদের তালিকা উপজেলা কমিটিতে চূড়ান্ত করত: তাদের নগদ নম্বরে ভাতার অর্থ প্রেরণ করাহবে।<br><br>সকল দপ্তরের সামাজিক নিরাপত্তার সকল কর্মসূচির উপকার ভোগীদের প্রতারক চক্র নানা ভাবে যেমন: নম্বর ক্লোনকরে, ওটিপি সংগ্রহ করে, পিটুপিই ত্যাদি অত্যাধুনিক অপকৌশল ব্যবহার করে উপকারভোগীদের অর্থ হাতিয়ে নিচ্ছে। এ বিষয়টি সম্মিলিতি ভাবে স্থানীয় জন প্রতিনিধিগণ মাইকিং করে জনগণকে সচেতন করে তুললে উপকারভোগীরা বেশ উপকৃতহবে।<br><br>"ভিক্ষুক পুনর্বাসন এবং বিকল্প কর্মসংস্থান" প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দ হতে ভিক্ষুক পুনর্বাসনের জন্য ৫ জন ভিক্ষুকের নাম পাওয়া গেছে। বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক তাদের প্রয়োজন যাচাই করে সহায়ক সামগ্রী বিতরণ করা হবে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ৯. | উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়। | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, বারুইখালী আশ্রয়ণ প্রকল্পে সুবিধাভোগীদের মধ্যে এ পর্যন্ত মোট ৩৩,৬৬,৫০০/- (তেত্রিশ লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত) টাকা বিতরণ করা হয়েছে। ৮% সার্ভিস চার্জসহ মোট আদায়যোগ্য ঋণের পরিমাণ ৩৬,৩৫,৮২০/- (ছত্রিশ লক্ষ পয়ষট্টি হাজার আটশত বিশ) টাকা। ঋণ আদায়ের পরিমাণ আসল ৩০,৬০,০৫৪/- টাকা ও সার্ভিস চার্জ ২,৪৪,৮০৬/- টাকা। ঋণ আদায়ের হার ৯১%। ৩৮ জন সদস্যের নিকট ৩,৩০,৯৬০/- ঋণ অনাদায়ী রয়েছে। | আশ্রয়ণ কমিটির সভাপতি মহোদয়ের মাধ্যমে অনাদায়ী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমবায় কর্মকর্তা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয়। | ০৫/১১/২৪ উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় দাকোপ- দলপতি, দলনেত্রী, আনসার কমান্ডার, ও সহকারী আনসার কমান্ডারদের নিয়ে গ্রামীণ আইন-শৃঙ্খলা নিয়ে মিটিং হয়। মাসিক মিটিং গ্রামীণ আইনশৃঙ্খলা উন্নয়ন, বাল্যবিবাহ রোধ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণে তাদেরকে সচেতন করা হয়। দুইজন ভিডিপি সদস্যকে বেসিক কম্পিউটার কোর্সের জন্য জেলা কমান্ডেন্ট এর কার্যালয় খুলনায় প্রেরণ করা হয়। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ১১. | পল্লীসঞ্চয় ব্যাংক। | জনাব, প্রভাষ চন্দ্র মন্ডল, শাখা ব্যবস্থাপক (সিনিয়র অফিসার) দাকোপ শাখাং, খুলনা- বলেন যে, পল্লী সঞ্চয় ব্যাংক পল্লী দারিদ্র অসহায় ভুমিহীন মানুষকে নিয়ে গঠিত, তাই এই ব্যাংক জামানাত বিহীন সহজ শর্তে প্রদান করেন। তাই অধিকাংশ সদস্য খেলাপী ঋণে পরিনত হয়েছে এবং দিন দিন গেলাশী ঋণের পরিমান বেড়ে চলছে।<br><br>প্রধান কার্যালয় থেকে প্রেরিত স্মারক নং পসব্য/প্রকা/কম-১৬/২০১৪-১৫/১০৪১ তারিখ: ০৬/১১/২০২৪ খ্রি. তারিখে জানানো হয়েছে যে, পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা পর্যায়ে মেলান্দী গুণ আদায়ের সার্বিক সহোযোগীতা প্রদানের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বারদের সহোয়োগীতার জন্য সকলকে সুবিনয় অনুরোধ করা হলো।<br>এমতাবস্থায় পল্লী সঞ্চয় ব্যাংকের ঋণ যেহেতু জামানাত বিহীন তাই খেলাপী ঋণ আদায় ও সদস্যদের সঞ্চয়মুখি করার জন্য সকলকে সার্বিক সহোযোগীতা প্রদানের কামনা করেন। | | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক। |
| ১২. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জনান যে, দাকোপ উপজেলার বাবুইখালি জনাব এসএম আবুল হোসেন সাহেবের হ্যাচারির সামনে মেরামতকৃত আর ও প্লান্টটি রক্ষণাবেক্ষণের/তদারকি করার জন্য স্থানীয়ভাবে একটি কমিটি গঠন এবং উপজেলা পরিষদে জিক্স (জাপানি কোম্পানি) কর্তৃক নির্মিত আর ও প্লান্টটি মেরামত করা প্রয়োজন। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| ১৩. | উপজেলা বন বিভাগ। | সুন্দরবন সুরক্ষা প্রকল্পের আওতায় দাকোপ উপজেলায় ২০২৩-২৪ ইং সনে কামারখোলা ইউনিয়নে হেনুর ব্রীজ হতে সাহারাবাদ স্কুল হয়ে আজমল সরদারের বাড়ি পর্যন্ত এবং রাজ্জাক বিশ্বাস (নুনু) এর বাড়ির তিন রাস্তার মোড় হতে ডানে সুবল মন্ডলের ঘের পর্যন্ত ১৫.০ কিঃমিঃ বা ১৫,০০০টি বনজ, ফলজ, ভেষজ চারা দ্বারা স্ট্রীপ বাগান সৃজন করা হয়। স্থানীয় কিছু অসাদু ব্যক্তির কারনে বাগানটি প্রতিনিয়ত ক্ষতিগ্রস্থ হচ্ছে। বাগানটি টিকিয়ে রাখার জন্য উপজেলা প্রশাসন তথা আইনশৃঙ্খলা বাহিনীর সাহায্য প্রয়োজন।<br><br>উপজেলার সামাজিক বনায়নের অফিস রুমটি জরাজীর্ণ এবং ভঙ্গুর অবস্থায় পড়ে আছে। এছাড়া অফিস বাউন্ডারী এলাকা নিচু হওয়ায় পানি জমে থাকে ফলে | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শণ পূর্বক কার্যকরী/বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাস্তা উৎপাদন ব্যহত হবে। স্থায়ী বেড়া বেড়া না থাকায় রাস্তা সারাদিন পানি দ্বারা প্লাবিত হয়। ২০২৪-২৫ ইং সনে বন বিভাগের নিজস্ব বাজেটে অধিক কমটি বেড়ামত এবং নিচু এলাকার মাটি ভরাট এবং অধিক বাউন্ডারী এলাকা পিলার ও কাঁটাতার দ্বারা ঘেরাবেড়া দেয়া প্রয়োজন। এ বিষয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | | |
| ১৪. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ১৫. | উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ১৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ১৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ১৯. | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ২০. | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ২১. | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি। | চেয়ারম্যান ১ নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, খোলা মসজিদের জায়গা সংকটের কারণে পুকুরটি ভরাট এবং কাটাবুনিয়া ৩ নং ওয়ার্ডের জনসাধারণের ব্যবহার্য পুকুরে একটি ঘাটলা নির্মানের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান। |
| ২২. | চেয়ারম্যান, ২ নং দাকোপ, ইউপি। | চেয়ারম্যান ১ নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,তার ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের কালাবগী গ্রামে ঝুলন্ত পাড়ায় ১২৮ টি পরিবার নদী ভাঙনে ঘরবাড়ি হারিয়েছেন। তাৎক্ষনিক ভাবে ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে তাদের রাস্তা ঘাট নির্মাণ ও সেনিটেশন সহায়তা প্রদান করা হয়। তাদের পুণর্বাসনসহ মৌলিক চাহিদা পূরণের জন্য আর্থিক সহায়তা প্রয়োজন। | ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় অপ্রত্যাশিত খাত থেকে চেয়ারম্যান, সুতারখালী ইউপি বরাবর ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। চেয়ারম্যান সুতারখালী ক্ষতিগ্রস্থ পরিবারের পূণর্বাসনের প্রয়েঅজনীয় ববস্থা গ্রহণ করবেন। | ইউপি চেয়ারম্যান। |
| ২৩. | প্যানেল চেয়ারম্যান, ৩ নং লাউডোব ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৪. | প্যানেল চেয়ারম্যান, ৪ নং কৈলাশগঞ্জ ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৫. | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৬. | চেয়ারম্যান ৬ নং কামারখোলা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৭. | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮. | চেয়ারম্যান ৮ নং বাজুয়া ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৯. | চেয়ারম্যান ৯ নং বানিশান্তা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |

বিবিধ আলোচনা :

১) উপজেলা নির্বাহী অফিসার,দাকোপ সভায় জানান যে, আগামী ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৪ এ উপজেলায় যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য সরকারি নির্দেশনা পাওয়া গেছে। দিবসটি উদ্‌যাপনে সরকারিভাবে যে বরাদ্দ পাওয়া যায় তা দিয়ে উপজেলায় গৃহীত সকল কর্মসূচি বাস্তবায়ন করা সম্ভব নাও হতে পারে। কাজেই, বরাদ্দের অতিরিক্ত টাকা ব্যয় হলে ব্যয়িত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন খাত থেকে নির্বাহ করা যেতে পারে।

সিদ্ধান্ত : মহান বিজয় দিবস ২০২৪ উদ্‌যাপনে সরকারি বরাদ্দের অতিরিক্ত ব্যয়িত টাকা ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন খাত থেকে নির্বাহ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২) বিভিন্ন দপ্তরের মাঠকর্মীরা মাঠ পর্যায়ে দায়িত্ব পালনকালে অনেক সময়ে বিভিন্ন ধরণের সমস্যার সম্মুখীন হতে হয়। এমন পরিস্থিতির শিকার হলে স্থানীয় ইউপি চেয়ারম্যান, মেম্বরগণ ও গ্রাম পুলিশ তাৎক্ষনিক সহযোগিতা করবেন। উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ পূর্বক দ্রুত এডিপি তালিকা যাচাই-বাছাইসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়। এছাড়া জেলেদের তালিকা, টিসিবি এবং অন্যান্য যে সকল তালিকা প্রণয়নে সমস্যা আছে সে সকল তালিকা হালনাগাদ করণের বিষয়ে সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয়/ বিধিগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

২৫/১১/২৪
মো: আসমত হোসেন
প্রশাসক
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
ও
সভাপতি
উপজেলা পরিষদ, উন্নয়ন সমন্বয় সভা
দাকোপ, খুলনা।

স্মারক নং- ৪৬.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৪. ৫০ (৫০)

তারিখ ১০অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৪ খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. প্রধান প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪. জেলা প্রশাসক, খুলনা।
৫. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা।
৬. সিনিয়র সহকারী সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, (রাজনৈতিক শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রশাসক, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
৮. উপজেলা ......................................অফিসার (সকল), দাকোপ, খুলনা।
৯. চেয়ারম্যান .................................. ইউনিয়ন পরিষদ (সকল), দাকোপ, খুলনা।
১০. অফিস কপি।

২৫/১১/২৪
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।
unodacope@mopa.gov.bd